105

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 DEC 1995
পৃষ্ঠা ৩ কলাম ৬

# স্কুলের ছাদ ধসিয়া পড়ার আশঙ্কা

পার্বতীপুর (দিনাজপুর) সংবাদদাতা ।। পার্বতীপুর জ্ঞানাঙ্কুর উচ্চ বিদ্যালয়টি ১৯২৫ সালে স্থাপিত হয়। বর্তমানে এখানে

( ৯ম পৃঃ দ্রঃ )

## স্কুলের ছাদ

( ৩য় পৃঃ পর )

এক হাজারেরও বেশী ছাত্র-ছাত্রী অধ্যায়ন করিতেছে। এই বিদ্যালয়ের ভবনগুলির করুণ অবস্থা। এখানে দুইটি দ্বিতল দালানে ছাত্র-ছাত্রীদের ক্লাশ করিতে হইতেছে। অপরদিকে পূর্ব দিকে ছাত্রদের জন্য একটি পুরাতন একতলা বিশিষ্ট হোষ্টেল ভবন রহিয়াছে। বর্তমানে এই দুইটি দ্বিতল ভবন ও হোষ্টেলের ছাদ ধসিয়া পড়িবার উপক্রম এবং কিছু কিছু অংশ পড়িয়া যাওয়ায় লোহার রড বাহির হইয়াছে। ইহাছাড়া ছাদ দিয়া পানি চুইয়া পড়ে।

ইতিমধ্যে স্কুলের প্রধান শিক্ষক আবদুর রাজ্জাক চৌধুরী শিক্ষা বিভাগের প্রকৌশলীকে স্কুলের দালানগুলির ছাদের নীচের প্লাষ্টার খুলিয়া পড়া অংশগুলি দেখাইয়া সম্পূর্ণভাবে পুনঃ নির্মাণ করার জন্য ৫ লক্ষ ২৬ হাজার ১০৮'৭৭ টাকা প্রাক্কলন (ইষ্টিমেট) প্রস্তুত করিয়া ১৯৯৪ সালে ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টে জমা দিয়াছেন। ইহার পর শিক্ষা মন্ত্রণালয় হইতে মোঃ মতিউর রহমান শাহ, যুগ্ম সচিব (উন্নয়ন) ও মুহাম্মদ খাদেমুল ইসলাম, যুগ্ম সচিব (প্রশাসন) সরেজমিনে স্কুল ভবন পরিদর্শন করিয়া মেরামতের জন্য জোর সুপারিশ করেন।

কিন্তু অদ্যাবধি কোন কাজের আলামত পাওয়া যাইতেছে না। অভিজ্ঞ মহল ও অভিভাবকবৃন্দ শীঘ্রই ভবনগুলি মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট টাকা বরাদ্দের জোর দাবী জানাইয়াছেন।